বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

"পল্লী ভবন"

৫, কাওরান বাজার, ঢাকা।

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় রাজস্ব বাজেটভুক্ত নিম্নবর্ণিত পদে অস্থায়ীভিত্তিতে নিয়োগের জন্য সংশ্লিষ্ট পদের পার্শ্বে বর্ণিত বেতনক্রম (বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত/স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

ক্রঃনং	প্রার্থীত পদের নাম	বেতন স্কেল (২০০৫ সনের জাঃ বেঃ স্কেল)	পদ সংখ্যা	ন্যনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার বাসিন্দাগণের আবেদন করার প্রয়োজন নেই
১	২	৩	৪	৫	৬
১।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	৬৮০০-১৩০৯০/-	১১৬	২য় শ্রেণীর মাষ্টার ডিগ্রী অথবা ২য় শ্রেণীর কৃষিতে স্নাতক অথবা ২য় শ্রেণীর ০৪ বছর মেয়াদের সম্মান ডিগ্রী।	-
২।	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা	৫১০০-১০৩৬০/-	১২৬	স্নাতকোত্তর ডিগ্রী অথবা ০৪ বছর মেয়াদের সম্মান ডিগ্রী।	-
৩।	হিসাব রক্ষক	৪১০০-৮৮২০/-	৯৪	২টি ২য় বিভাগসহ বি,কম পাশ।	চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, বরিশাল, ঝালকাঠী, পটুয়াখালী, পিরোজপুর, ফরিদপুর, গাজীপুর, জামালপুর, নরসিংদী, টাংগাইল, কুষ্টিয়া, নড়াইল ও সাতক্ষীরা জেলা।
৪।	গবেষণা অনুসন্ধানকারী/ পরিসংখ্যান সহকারী	৩৫০০-৭৫০০/-	০১	অর্থনীতি পরিসংখ্যানসহ ২টি ২য় বিভাগসহ স্নাতক ডিগ্রী।	চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, বরিশাল, ঝালকাঠী, পটুয়াখালী, পিরোজপুর, ফরিদপুর, গাজীপুর, জামালপুর, নরসিংদী, টাংগাইল, কুষ্টিয়া, নড়াইল ও সাতক্ষীরা জেলা।
৫।	হিসাব সহকারী	৩৫০০-৭৫০০/-	২১	দুইটি ২য় বিভাগসহ বি, কম পাশ।	চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, বরিশাল, ঝালকাঠী, পটুয়াখালী, পিরোজপুর, ফরিদপুর, গাজীপুর, জামালপুর, নরসিংদী, টাংগাইল, কুষ্টিয়া, নড়াইল ও সাতক্ষীরা জেলা।
৬।	স্টেনো টাইপিষ্ট	৩৩০০-৬৯৪০/-	৫	শর্টহ্যান্ড ইংরেজীতে ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৬০ শব্দ এবং টাইপিং-এ ৪০ ও ৩০ শব্দের গতিসহ উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাশ এবং কম্পিউটার পরিচালনায় দক্ষতা।	চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, বরিশাল, ঝালকাঠী, পটুয়াখালী, পিরোজপুর, ফরিদপুর, গাজীপুর, জামালপুর, নরসিংদী, টাংগাইল, কুষ্টিয়া, নড়াইল ও সাতক্ষীরা জেলা।
৭।	গাড়ীচালক	৩০০০-৫৯২০/-	৭	বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ৮ম শ্রেণী পাশ।	চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, বরিশাল, ঝালকাঠী, পটুয়াখালী, পিরোজপুর, ফরিদপুর, গাজীপুর, জামালপুর, নরসিংদী, টাংগাইল, কুষ্টিয়া, নড়াইল ও সাতক্ষীরা জেলা।

শর্তাবলী ঃ

(১) উপরোক্ত পদে আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণকে নিজের নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ এবং ৩১/০৩/২০০৯ তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, ধর্ম ইত্যাদি বৃত্তান্ত উল্লেখপর্বক সাদা কাগজে আবেদন করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, আনসার ও ভিডিপি, উপজাতীয় এবং এতিম, প্রতিবন্ধী প্রার্থীদেরকে প্রার্থীতার পক্ষে প্রমাণক তথ্যাবলী তাদের স্ব-স্ব আবেদনপত্রের সাথে সংযুক্ত থাকতে হবে (আবেদনপত্রসহ সংযোজিত সকল কাগজপত্র এ-৪ সাইজের (৮.৫" X ১১") কাগজে দাখিল করতে অনুরোধ করা হলো)।

(২) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) সাম্প্রতিককালে তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র/জন্ম সনদ এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট থেকে চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

/২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য/

(৩) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি, উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি এবং এতীমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

(৪) আবেদনপত্রের সাথে "মহাপরিচালক, বিআরডিবি" শিরোনামে শুধুমাত্র সোনালী/অগ্রণী/জনতা ব্যাংক হতে ক্রমিক নং-১ ও ২ এ বর্ণিত পদের জন্য ৩০০/- টাকা, ক্রমিক নং-৩ এ বর্ণিত পদের জন্য ২০০/- টাকা এবং ক্রমিক নং-৪ হতে ৭ এ বর্ণিত পদসমহের জন্য ১৫০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের নম্বর ও তারিখ আবেদনপত্রে অবশ্যই উল্লেখ করতে হবে।

(৫) ৩১/০৩/২০০৯ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। সংস্থাপন মন্ত্রণালয়ের এসআরও নং-১৮৩, তারিখঃ ২০ জুন, ২০০৫ মোতাবেক বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতাধীন জুলাই, ১৯৯৭ তারিখ হতে শুরু হওয়া উন্নয়ন বাজেটভুক্ত সরকার অনুমোদিত সমাপ্ত প্রকল্প সমহের কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

(৬) ক্রমিক নং-২ এ বর্ণিত পদের জন্য ইউসিসিএ'র কর্মচারীদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন স্নাতক ডিগ্রী ; এতদ্ব্যতীত অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

(৭) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের কার্যক্রম মাঠ কেন্দ্রীক। বিধায় প্রার্থীদেরকে দেশের পল্লী এলাকায়/প্রত্যন্ত এলাকায় অবস্থানপর্বক কাজ করার মানসিকতা থাকতে হবে।

(৮) নিয়োগের ক্ষেত্রে সরকারী সিদ্ধান্ত মোতাবেক প্রচলিত সকল কোটা সংরক্ষণসহ সরকারী বিধি বিধান ও নীতিমালা অনুসরণ করা হবে।

(৯) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মল আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে।

(১০) উল্লিখিত পদের জন্য নির্ধারিত লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থী নির্বাচন চূড়ান্ত করা হবে। এসকল পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১১) ত্রুটিপর্ণ, অসম্পর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমহ বাতিল বলে গণ্য হবে এবং আবেদনপত্রে কোনরূপ তথ্য গোপন করা হলে পরবর্তীতে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১২) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসংখ্যার হ্রাস-বৃদ্ধি ঘটতে পারে। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৩) সঠিক ঠিকানায় ইন্টারভিউ কার্ড প্রেরণ নিশ্চিত করার স্বার্থে প্রার্থীর যোগাযোগের ঠিকানা (Mailing Address) উল্লেখপর্বক ৯" X ৪" মাপের অতিরিক্ত একটি খাম আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে। আবেদনপত্রের খামের উপর প্রার্থীত পদের নাম ও নিজ জেলা স্পষ্ট করে উল্লেখ করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, আনসার ও ভিডিপি, উপজাতীয়, এতিমখানা নিবাসী, প্রতিবন্ধী, ইউসিসিএ'র কর্মচারী এবং ক্রমিক নং-৫ এ উল্লিখিত সমাপ্ত উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীগণকে আবেদনপত্রে বিষয়টি সুস্পষ্টভাবে উল্লেখ করে Underline দিয়ে চিহ্নিত করতে হবে।

(১৪) ৬নং কলামে উল্লিখিত জেলাসমহের বাসিন্দাদের সংশ্লিষ্ট পদের জন্য আবেদন করার প্রয়োজন নেই।

(১৫) নিয়োগের ক্ষেত্রে যে কোন তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(১৬) আগ্রহী প্রার্থীগণকে উপরোল্লিখিত শর্তাদি পরণ সাপেক্ষে আগামী ২০/০৪/২০০৯ তারিখের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫ এর বরাবরে আবেদনপত্র দাখিল করতে হবে।

(১৭) নিয়োগ বিজ্ঞপ্তিটি বিআরডিবি'র ওয়েবসাইটেও পাওয়া যাবে। ওয়েবসাইটের ঠিকানা ঃ www.brdb.gov.bd

(ড. মোঃ রুহুল আমিন সরকার)
পরিচালক (প্রশাসন)

Recruitment,/Advertisement,09/Taher